দৈনিক
ইত্তেফাক

তারিখ 25 OCT 2016
পৃষ্ঠা ৪ ... কলাম ... ৬

# ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের মুটকোর্ট দলের শ্রেষ্ঠ পুরস্কার অর্জন

আন্তর্জাতিক মানবাধিকার আইন বিষয়ক মুটকোর্ট প্রতিযোগিতায় ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় মুটকোর্ট দল শ্রেষ্ঠ গবেষণাকারী দলের পুরস্কার অর্জন করেছে। গত ২০-২২ অক্টোবর 'কানাডিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ' এবং আইন বিষয়ক আন্তর্জাতিক সংগঠন 'এশিয়ান-সিল' যৌথভাবে এই প্রতিযোগিতার আয়োজন করে। দেশের ২৩টি পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষার্থীরা এতে অংশ নেন।

প্রতিযোগিতায় অংশ নেওয়া ইস্ট ওয়েস্টের শিক্ষার্থীরা হলেন— মো. পিজুয়ার হোসেন, জান্নাতুল শরীয়াত দিশা ও তাইয়াবা তাসনীম। দলের কোচ ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ও আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউটর ব্যারিস্টার তুরিন আফরোজ। প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন সুপ্রিম কোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগের বিচারপতিগণ।

এই সাফল্য অর্জন করায় বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি ড. মোহাম্মদ ফরাসউদ্দিন ও উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান বিজয়ী দলকে অভিনন্দন জানিয়েছেন। — প্রেস বিজ্ঞপ্তি